



ইমার্জেন্সি অ্যালার্টস সিস্টেম

নতুন ইমার্জেন্সি অ্যালার্ট পরিষেবাটি এখন লাইভ। এই সিস্টেমটি মানুষকে তাদের জীবন যদি কোনো জরুরী পরিস্থিতির ঝুঁকিতে থাকে তাহলে তা তাদের মোবাইল ফোনের মাধ্যমে তাদেরকে জানাবে। জীবন সংশয়কারী জরুরী পরিস্থিতিগুলো সম্পর্কে আপনাকে সতর্ক করতে পরিষেবাটি ব্যবহার করা হবে, যেমন - প্রবল বন্যা।

আপনি যে এলাকায় অবস্থান করছেন সেখানে আপনার জীবন, স্বাস্থ্য বা সম্পত্তি কোনো বিপদের মুখে আছে এমন হলে, তখন সমস্ত উপযুক্ত 4G এবং 5G মোবাইল ফোনে পাঠানো মেসেজগুলো হলো ইমার্জেন্সি অ্যালার্টস। তাদের আপনার ফোন নম্বর বা আপনার অবস্থানের গতিবিধি অনুসরণ করার প্রয়োজন হবে না। শুধুমাত্র সরকার এবং জরুরী পরিষেবাগুলো সেগুলো পাঠাতে পারে। আপনি gov.uk/alerts -এ চেক করে দেখতে পারবেন অ্যালার্টটি আসল কিনা। ইমার্জেন্সি অ্যালার্টগুলো হবে শুধুমাত্র জরুরী পরিস্থিতি সম্পর্কে জনসাধারণকে অবহিত করার সরকারের একটি উপায়। তাই যদি আপনার কোনো মোবাইল ফোন না থাকে, চিন্তা করবেন না – তবুও আপনাকে মিডিয়া এবং স্থানীয় জরুরী পরিষেবাগুলোর মাধ্যমে সতর্ক করা হবে।

একটি ইমার্জেন্সি অ্যালার্ট অন্যান্য ধরনের মেসেজগুলো যেমন এসএমএস 'টেক্সট মেসেজ' থেকে বেশ আলাদা দেখাবে এবং শোনাবে। আপনি যদি একটি ইমার্জেন্সি অ্যালার্ট পান তা আপনি বুঝতে পারবেন, কারণ আপনি সাইরেনের মতো একটি উচ্চ শব্দ শুনতে পাবেন এবং আপনার ফোনে একটি আলাদা ধরনের ভাইব্রেশন হবে। আপনার স্ক্রিনে একটি মেসেজ আপনাকে জরুরী অবস্থা সম্পর্কে এবং আপনাকে কী করতে হবে সে সম্পর্কে বলবে। আপনার ফোনের বৈশিষ্ট্যের উপর নির্ভর করে, অ্যালার্টটি স্ক্রিন ম্যাগনিফিকেশনের (স্ক্রিন বড় করা) মাধ্যমে সাথে কাজ করবে এবং এছাড়াও ভলিউম সেটিংস অগ্রাহ্য করে আপনাকে মেসেজটি পড়ে শোনাতে পারে। যারা শ্রবণযন্ত্র (হিয়ারিং অ্যাইড) ব্যবহার করেন তারাও ফোন থেকে নির্গত ভিন্ন ধরনের শব্দটি শুনতে পারার কথা।

আপনি ইমার্জেন্সি অ্যালার্ট পাওয়া বন্ধ করে দিতে পারেন, তবে আমরা দৃঢ়ভাবে সুপারিশ করছি যেন লোকেরা এই পরিষেবা বন্ধ না করে, কারণ জীবন যখন বিপদের মুখে থাকে তখন আপনাকে সতর্ক করার উদ্দেশ্যেই এটি পাঠানো হয়। আপনি যদি এটি বন্ধ করে দিতে চান, তাহলে আপনার সেটিংসে গিয়ে 'ইমার্জেন্সি অ্যালার্টস' খুঁজুন এবং ইমার্জেন্সি অ্যালার্টস বন্ধ করে দিন। যদি এতে কাজ না হয়, তাহলে অনুগ্রহ করে আপনার ডিভাইস প্রস্তুতকারকের সাথে যোগাযোগ করুন। আরো পরামর্শের জন্য দেখুন gov.uk/alerts/opt-out

ভবিষ্যতে আপনি আপনার ফোনে একটি অ্যালার্ট পেতে পারেন, যদি পান, অনুগ্রহ করে অ্যালার্টটি মনোযোগ দিয়ে পড়ুন এবং নির্দেশনাগুলো অনুসরণ করুন। অনুগ্রহ করে সেগুলো দেখতে কেমন এবং কেমন অনুভূতি দেয় তা মনে রাখবেন হতে পারে যে আপনি আবারো একটি পাবেন। এটি কীভাবে কাজ করে সে সম্পর্কে আরো জানতে, gov.uk/alerts-এ আমাদের ভিডিও দেখুন।



UK Government

সিস্টেমটি পরীক্ষা করা

নতুন ইমার্জেন্সি অ্যালার্টস সিস্টেমটি 23^শ এপ্রিল 15:00 টায় (বিকাল 3:00টা) দেশজুড়ে পরীক্ষা করা হবে। একটি ইমার্জেন্সি অ্যালার্ট হলো আপনার মোবাইল ফোনের স্ক্রিনে উচ্চ, সাইরেনের মতো শব্দসহ একটি মেসেজ। আরো জানতে, gov.uk/alerts -তে যান

যানবাহন চালকদের জন্য সতর্কতা

গাড়ি চালানো বা মোটরসাইকেল চালানোর সময় আপনি অবশ্যই মোবাইল ফোন হাতে **নেবেন না**। এটা করা বেআইনি। আপনি যদি গাড়ি চালানোর সময় একটি অ্যালার্ট পান, তাহলে আপনার ফোন হাতে নিতে এবং মেসেজটির ব্যাপারে কিছু করতে চেষ্টা করবেন না। আপনার গাড়ি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রেখে, স্বাভাবিকভাবে গাড়ি চালিয়ে যান। আপনি যদি আপনার ফোনের দিকে তাকানোর প্রয়োজন বোধ করেন, তাহলে আপনাকে অবশ্যই প্রথমে গাড়ি থামানোর জন্য একটি নিরাপদ এবং আইনত অনুমোদিত জায়গা খুঁজে বের করতে হবে।



This translation has been commissioned by the VCS Emergencies Partnership. Content is as published by the Cabinet Office.